তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ
doict.bhaluka.mymensingh.gov.bd

**ভালুকা উপজেলার আইসিটি কমিটির ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | হাসান আব্দুল্লাহ আল মাহমুদ<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইসিটি কমিটি ভালুকা, ময়মনসিংহ। |
| সভার তারিখ | **৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.** |
| সভার সময় | **দুপুর ১২:০০ টায়** |
| স্থান | অনলাইন জুম প্ল্যাটফরম |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে ডিসেম্বর /২০২৪ মাসের উপজেলার আইসিটি কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী সদস্য সচিব কে উপজেলার আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে, সদস্য সচিব উপজেলার আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভার কার্যক্রম পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে তুলে ধরেন।

২. অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিষয়ে সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

| ক্রম. নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | উপজেলার ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণ | উপজেলা পর্যায়ে ৪২টি সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদনের অবস্থান তুলে ধরা হয়। যেখানে ভালুকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টালের অবস্থা ১০০% হালনাগাদসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়, উপজেলা মৎস্য অফিস, উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয়, উপজেলা নির্বাচন অফিস, উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ রয়েছে। এছাড়া, ওয়েব পোর্টাল হালনাগাদের সরকারি অফিসের ১০টি Top Grader এর এবং ১০টি Lowest Grader রিপোর্ট তুলে ধরা হয়।<br><br>সদস্য সচিব জানান যে, উপজেলার সকল কার্যালয়ের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করার বিষয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয় ওয়েব পোর্টালের রিপোর্টসহ প্রত্যেক সরকারি অফিসের পোর্টাল ১০০% হালনাগাদ করার জন্য সকল অফিসকে পত্র প্রেরণের জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন।<br><br>এছাড়া, উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্যে প্রয়োজনে ওয়েব পোর্টালের প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে এবং সকল দপ্তরে ইন হাউজ প্রশিক্ষণে আবশ্যিকভাবে ওয়েব পোর্টাল প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রাখতে হবে মর্মে আলোচনা হয়। | (ক) উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে তাদের কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করতে হবে।<br><br>( খ) সকল দপ্তরে ইন হাউজ প্রশিক্ষণে আবশ্যিকভাবে ওয়েব পোর্টাল প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রাখতে হবে। | অফিস প্রধানগণ<br><br>উপজেলা আইসিটি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণ | উপজেলা পর্যায়ের সকল ইউনিয়ন পরিষদকে তাঁদের কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য শতভাগ হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | সকল ইউনিয়ন পরিষদকে তাদের কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করতে হবে। | ইউপি চেয়ারম্যান/প্রশাসক<br><br>উপজেলা আইসিটি অফিসার |
| ০৩ | আইসিটিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন | উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, তিনি ভালুকা উপজেলায় শিক্ষাপ্রতিষ্ঠানে স্থাপিত ৭টি ডিজিটাল ল্যাব পরিদর্শন করেন। অতঃপর সভায় আইসিটিডি ডিজিটাল ল্যাব বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটিডি ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার |
| ০৪ | ই-নথি/ডি-নথি বাস্তবায়ন | উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরে ই-নথি/ডি-নথি তে যুক্ত রয়েছে তাদের দাপ্তরিক কার্যক্রমে ই-নথি/ডি-নথি ব্যবহার বৃদ্ধি করার বিষয়ে সভাপতি মহোদয় সকল দপ্তরের চিঠিপত্র ই-নথি/ডি-নথিতে উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ চিঠিপত্র ই-নথি/ডি-নথিতে উপস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধানগণ<br><br>উপজেলা আইসিটি অফিসার |
| ০৫ | ইডিসি প্রকল্পের মাধ্যমে ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান | ভালুকা উপজেলায় ইডিসি প্রকল্পের মাধ্যমে ২৯৫টি প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হচ্ছে। ইতমধ্যে ১৩ টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট প্রতিষ্ঠানের সংযোগ দ্রুত সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | অবশিষ্ট প্রতিষ্ঠানের ইন্টারনেট কানেক্টিভিটির কার্যক্রম দ্রুত সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা আইসিটি অফিসার<br><br>প্রতিনিধি<br>ADN Telecom Limited |

০৩। অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬-০১-২০২৫
হাসান আব্দুল্লাহ আল মাহমুদ
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা
আইসিটি কমিটি ভালুকা, ময়মনসিংহ।

তারিখ: ২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৬১১৩.০০০.০৬.০০১.১৯.২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক , প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। জেলা আইসিটি অফিসার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
৪। সহকারী কমিশনার (ভূমি), সহকারী কমিশনার (ভূমি) এর দপ্তর, উপজেলা ভূমি অফিস, ভালুকা, ময়মনসিংহ।

৫। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
৬। উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ভালুকা, ময়মনসিংহ।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,ভালুকা,ময়মনসিংহ।
৮। উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস,ভালুকা,ময়মনসিংহ।
৯। উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভালুকা, ময়মনসিংহ।
১০। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয়,ভালুকা,ময়মনসিংহ।
১১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরিবার পরিকল্পনা অফিস, ভালুকা, ময়মনসিংহ।
১২। অফিসার ইনচার্জ, ভালুকা মডেল থানা।
১৩। প্রধান শিক্ষক, ভালুকা সরকারি উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
১৪। উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা বিটিসিএল অফিস, ভালুকা, ময়মনসিংহ।
১৫। ......................................................................, ভালুকা, ময়মনসিংহ।

Yeasmin

১৬-০১-২০২৫
ইয়াসমিন আক্তার
উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য সচিব উপজেলা আইসিটি কমিটি ভালুকা, ময়মনসিংহ।